আলমডাঙ্গায় বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় দোয়া

আলমডাঙ্গার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গত রবিবার বাদ মাগরিব হারদী ইউনিয়নের কেশবপুর প্রাইমারি স্কুল মাঠ প্রাঙ্গনে ২নং হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড (কেশবপুর ও লক্ষীপুর) বিএনপি’র উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তারা বেগম খালেদা জিয়ার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন, গণতন্ত্র পুনরুদ্ধারে তাঁর সংগ্রাম এবং দেশ ও জাতির জন্য তাঁর অবদানের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক জাহিদ হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা-০১ আসনের বিএনপি মনোনীত এমপি পদপ্রার্থী শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরীফুজ্জামান শরীফ বলেন, বেগম খালেদা জিয়া শুধু একজন রাজনৈতিক নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতন্ত্রের প্রতীক। স্বৈরাচারবিরোধী আন্দোলনে তাঁর আপসহীন ভূমিকা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। আজ দেশ এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এই সংকট উত্তরণে বিএনপিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু। এছাড়াও বক্তব্য দেন উপজেলা নির্বাচন সমন্বয়ক বোরহান উদ্দিন (উপজেলা সাবেক সভাপতি, কৃষকদল), গোলাম মোস্তফা (সহ-সাংগঠনিক সম্পাদক, উপজেলা বিএনপি), ছানোয়ার হোসেন লাড্ডু (সাবেক চেয়ারম্যান, ভাংবাড়িয়া ইউনিয়ন), বিএনপি নেতা আব্দুল মজিদ।

আরও উপস্থিত ছিলেন হারদী বিএনপির সমন্বয়ক মহিনুল ইসলাম (সাবেক সভাপতি, হারদী ইউনিয়ন), মনিরউদ্দিন মনির (ভারপ্রাপ্ত সভাপতি, হারদী ইউনিয়ন বিএনপি), শফিকুল ইসলাম (সাধারণ সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), তারদীল খান ডিকো খান, আব্দুস সাত্তার (হারদী), জাকির হোসেন, বীর মুক্তিযোদ্ধা রবিউল হক (ওসমানপুর), নাসির (হারদী), জমিরউদ্দীন, শহিদুল মেম্বার, আব্দুল হান্নান, নাসির, সাত্তার (সাংগঠনিক সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), জেড এম তৌফিক খান, বাবুল আক্তার, ময়েন, ছাত্রদল সভাপতি শিপন, লতিফ মিয়া সহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হারদী ইউনিয়ন বিএনপি নেতা আব্দুস সালাম।

আলমডাঙ্গা পৌরসভার পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে ইউনও

আলমডাঙ্গা পৌরসভাকে মডেল পৌরসভা বিনির্মাণে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে সরাসরি ভূমিকা রাখছেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আকতার।

আলমডাঙ্গা পৌর এলাকার অন্যতম দর্শনীয় স্থান আলমডাঙ্গা রেলওয়ে স্টেশনের পরিস্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধণ কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেছেন আলমডাঙ্গা পৌরসভার সুযোগ্য প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জনাবা পান্না আক্তার।

পরিদর্শনকালে তিনি স্টেশন চত্বরের সার্বিক পরিবেশ, যাত্রীদের চলাচলের সুবিধা, পরিস্কার-পরিচ্ছন্নতার বর্তমান অবস্থা এবং চলমান উন্নয়ন কার্যক্রম ঘুরে দেখেন। এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীদের সঙ্গে কথা বলেন এবং জনসাধারণের জন্য স্টেশন এলাকাকে আরও পরিচ্ছন্ন, সুশৃঙ্খল ও দৃষ্টিনন্দন করে গড়ে তোলার বিষয়ে

প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

ইউএনও পান্না আক্তার বলেন, আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন শুধু একটি যাতায়াত কেন্দ্র নয়, এটি পৌর এলাকার একটি গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান। এখানকার পরিবেশ পরিস্কার ও সুন্দর থাকলে যাত্রীদের পাশাপাশি সাধারণ মানুষের কাছেও ইতিবাচক বার্তা পৌঁছাবে। নিয়মিত পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধণ কার্যক্রম অব্যাহত রাখার ওপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন। এসময় পৌরসভা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিদর্শনের মাধ্যমে চলমান কার্যক্রমে আরও গতি আসবে এবং আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন একটি পরিচ্ছন্ন ও আধুনিক রূপ লাভ করবে বলে আশা প্রকাশ করেন স্থানীয়রা।

আলমডাঙ্গা পৌরসভার পাশাপাশি তদারকিতে ভূমিকা রাখছে আলমডাঙ্গা নাগরিক কমিটি।

আলমডাঙ্গায় চলন্ত ট্রেনের নীচে পড়ে শিশুর মর্মান্তিক মৃত্যু

আলমডাঙ্গায় ট্রেনে কেটে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে আলমডাঙ্গা পশুহাট সংলগ্ন রেললাইনে উপর।

গতকাল দুপুর ১টার দিকে খেলার ছলে শিশু আইমান হোসেন রেললাইনে উপরে উঠে আসে। হঠাৎ ঢাকা থেকে ছেড়ে আসা সুন্দরবন এক্সপ্রেস দ্রুত গতিতে ছুটে আসে। শিশুটি পরিবারের লোকজন কিছু বুঝে ওঠার আগেই ট্রেন শিশুটির উপর দিয়ে অতিক্রম করে ছেড়ে গেলে রেললাইনের উপর তার রক্তাক্ত মৃত দেহ দেখা যায়।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের দোয়ার পাড়া গ্রামের ওয়েল্ডিং মিস্ত্রি মোঃ সোহাগ আলীর একমাত্র ছেলে আয়মান হোসেন শামিম (২) তার মায়ের সাথে আলমডাঙ্গার রাধিকাগঞ্জ পশুহাট সংলগ্ন এলাকায় আত্মীয়র বাড়িতে কয়েকদিন আগেই বেড়াতে আসে। এবং এই দুর্ঘটনার শিকার হয়।

শিশু আয়মানের এই মর্মান্তিক মৃত্যুর খবরটি ছড়িয়ে পড়লে এলাকায় নেমে আসে শোকের ছায়া। ওই সময় নিহত আয়মানের অবস্থা দেখে তার মা এনি খাতুন অসুস্থ হয়ে পড়লে তার স্বজনরা দ্রুত চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান।

ঘটনাটি জানতে পেরে জিআরপি পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করেন। ওই সময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এসে শিশু বাচ্চার লাশ দাফনের অনুমতি চাইলে তারা অনুমতি দিয়ে চলে যান। গতকাল রোববার বাদ মাগরিব নিহতের নিজ গ্রাম দোয়ার পাড়া গ্রামের গোরস্থানে দাফন সম্পন্ন হয়।

আলমডাঙ্গায় বিশেষ অভিযানে মাদকসহ গ্রেফতার ৩

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী বিশেষ অভিযানে মাদকসহ গ্রেফতার হয়েছে ৩ জন।

আলমডাঙ্গা থানা পুলিশ ও পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশ পৃথক অভিযান চালিয়ে ১৮ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও একটি পালসার মোটরসাইকেলসহ তিন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

গত শুক্রবার দিনগত রাতে ১টার সময় পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশ কান্তপুর ব্রীজমোড় থেকে ও আলমডাঙ্গা থানা পুলিশ ষ্টেশনপাড়াস্থ খাদ্য গোডাউনের সামনে থেকে তাদেরকে গ্রেফতার করে।

জানা গেছে, উপজেলার কৃষ্ণপুর গ্রামের মৃত আব্দুল আজিজের ছেলে সাইদুল ইসলাম(৩৩) দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। সে এলাকাসহ আশপাশ গ্রামে মোটরসাইকেল যোগে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয় করে বেড়ায়। গত শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই আহম্মদ আলী সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে কান্তপুর ব্রীজ মোড়ে অভিযান চালিয়ে সাইদুলকে তার মোটরসাইকেলসহ গ্রেফতার করে। তার নিকট থেকে ৫ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

একই রাতে আলমডাঙ্গা থানার এসআই ওয়াহিদুল ইসলাম সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ষ্টেশনপাড়াস্থ খাদ্য গোডাউনের সামনে থেকে সনাতনপুর গ্রামের বাবলু মন্ডলের ছেলে সোহেল রানা রাব্বি(২০), বর্তমানে আলমডাঙ্গা মাদ্রাসাপাড়ার আক্কাচ আলীর বাড়ির ভাড়াটিয়া ও আলমডাঙ্গা শহরের রথতলাপাড়ার সোলাইমান হোসেনের ছেলে নাহিদ হাসান(২১) কে গ্রেফতার করে। তাদের নিকট থেকে উদ্ধার করে ১৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট। তারা শহরের বিভিন্ন মহল্লায় ট্যাপেন্টাডল বিক্রয় করে বেড়ায় বলে জানা গেছে।

তাদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় পৃথক মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্র পরিদর্শনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের অংশ হিসেবে গতকাল দুপুর ২ টায় আলমডাঙ্গা থানাধীন ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্র চিহ্নিতকরণ ও সংশ্লিষ্টদের দিকনির্দেশনা প্রদান করেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন ও পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম।

পরিদর্শনকালে তাঁরা ভোটকেন্দ্রসমূহের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, সিসিটিভি ক্যামেরার কার্যকারিতা, অবকাঠামোগত প্রস্তুতি, ভোট গ্রহণের পরিবেশ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন।

এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্তদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়, যাতে ভোটাররা শান্তিপূর্ণ ও

নির্ভয়ে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন।

এসময় জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন বলেন, জেলা প্রশাসন ও জেলা পুলিশ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করেছে। এই লক্ষ্যে মাঠ পর্যায়ে নিয়মিত তৎপরতা অব্যাহত থাকবে। যে সকল ভোট গ্রহণ কেন্দ্র ঝুঁকিপূর্ণ সেখানে বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হবে।

পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মোস্তাফিজুর রহমান, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আকতার, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মোঃ বানী ইসরাইল ও চুয়াডাঙ্গাসহ জেলা প্রশাসন ও জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণ।

আলমডাঙ্গা সরকারি কলেজের ক্রীড়া প্রতিযোগিতায় দ্রুততম মানব তৌফিক ও মানবী মুসফিকা

আলমডাঙ্গা সরকারি কলেজ আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৬–এ দ্রুততম মানব ও মানবীর খেতাব অর্জন করেছেন তৌফিক আহম্মেদ ও মুসফিকা।

ছাত্রদের মধ্যে মানবিক বিভাগের তৌফিক আহমেদ ১০০ মিটার স্প্রিন্টে দ্রুততার সাথে অতিক্রম করে প্রথম স্থান অর্জন করে দ্রুততম মানবের খেতাব জয় করেন। একইভাবে, ছাত্রীদের মানবিক বিভাগ, দ্বাদশ শ্রেণির মুসফিকা ১০০ মিটার স্প্রিন্টে প্রথম হয়ে দ্রুততম মানবীর খেতাব অর্জন করেন।

উভয় বিজয়ীকে ঐশিকা সামাজিক উন্নয়ন সংস্থার সৌজন্যে ট্রফি প্রদান করা হয়েছে। তাদের এই সাফল্য ক্রীড়াঙ্গনে উদ্যম ও প্রতিভার উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে প্রশংসা কুড়িয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ

প্রফেসর ড. মো. মফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আব্দুল মনয়েম এবং সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম ছরোয়ার।

এছাড়াও উপস্থিত ছিলেন, শিক্ষক পরিষদের সেক্রেটারি ও ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক মহিতুর রহমান এবং সহকারী অধ্যাপক সাইদুর রহমানসহ কলেজের শিক্ষকবৃন্দ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালায় ছিলেন, সিনিয়র প্রভাষক ডক্টর মাহবুব আলম। গত বৃহস্পতিবার কলেজ চত্বরে এই পুরস্কার প্রদান করা হয়।

আলমডাঙ্গা এসএসসি-৯৬ বন্ধুসভার বাৎসরিক পিকনিক অনুষ্ঠিত

আলমডাঙ্গা এসএসসি-৯৬ বন্ধুসভার বাৎসরিক পিকনিক অনুষ্ঠিত হয়েছে। আজ আলমডাঙ্গা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বন্ধুসভার মিলন মেলা বসে।

দেশ বিদেশ থেকে আগত সকল বন্ধুদের উদ্যোগে এই মিলন মেলায় আলোচনা সভা, সংগীত, কবিতা পাঠ,কৌতুক,নাচ, নাটিকার মধ্যদিয়ে আনন্দ স্রোত উপভোগ করেন। শৈশবের অতৃপ্ত চোখের সুমধুর স্মৃতি রোমন্থন করেন।আলোচনা সভায় গৃহীত হয় যে অসচ্ছল বন্ধুদের পাশে দাঁড়াতে হবে,কেউ অসুস্থ বা বিপদে পড়লে সকলেই এগিয়ে যেতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার সুমন, আতিক বিশ্বাস, আশরাফুল হক পান্না মাষ্টার, হাফিজ মাষ্টার, আরিফ মাষ্টার, দিপক মজুমদার, আব্দুল আওয়াল, জাভেদ আকতার, তুষার আহম্মেদ, রেফাজ্জেল হোসেন রিফাজ, গোলাম রহমান, যোসেপ, উজ্জ্বল হোসেন সুমন, বদরুদোজ্জা, জীবন মাহমুদ, জুলেল হোসেন, বোরহান উদ্দিন, সেখ জুয়েল, জাহিদ হাসান, মিরন সাহা, নজরুল ইসলাম শিপলু প্রমুখ।

আলমডাঙ্গা ডাউকি মাদ্রাসা ও এতিমখানায় শিক্ষা সামগ্রী বিতরণ

আলমডাঙ্গার ডাউকি মাদ্রাসা-এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে আলমডাঙ্গা উপজেলার ডাউকি মাদ্রাসার উদ্যোগে এতিমখানার সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ডাউকি মাদ্রাসা-এতিমখানা প্রাঙ্গণে এই অনুষ্ঠানে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের আঞ্চলিক সমন্বয়কারী ও ডাউকি মাদ্রাসা- এতিমখানার সভাপতি মুন্সী মোঃ আবু হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা সমাজসেবা অফিসার সাজ্জাদ হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন, ডাঃ সানোয়ার হোসেন, হায়দার আলী, আক্কাস আলী, মুন্সি হাফিজুর রহমান, শুকুর আলী, মুকুল মুন্সি প্রমুখ।

এসময় অতিথিরা বলেন, সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার সুযোগ নিশ্চিত করতে সবার আর্থিক সহযোগিতা করার এগিয়ে আসা অত্যন্ত জরুরি। বক্তারা এ ধরনের মানবিক ও শিক্ষামূলক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখার আহ্বান জানান। শতাধিক সুবিধাবঞ্চিত শিশুর হাতে বই, খাতা, কলম, পেন্সিল ও স্কেল বক্সসহ বিভিন্ন শিক্ষা সামগ্রী তুলে দেওয়া হয়।

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সংস্কৃতি প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতা–২০২৬ উৎসবমুখর পরিবেশে সফলভাবে সম্পন্ন হয়েছে। গতকাল কলেজের খেলার মাঠে চূড়ান্ত ফলাফল ঘোষণা, পুরস্কার বিতরণ এবং ক্রীড়া পতাকা নামানোর আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে এই বর্ণাঢ্য আয়োজনের সমাপ্তি ঘটে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সঞ্চালনার দায়িত্ব পালন করেন ড. মো. মাহবুব আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. মফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আব্দুল মনয়েম এবং সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম ছরোয়ার। এছাড়াও উপস্থিত ছিলেন, শিক্ষক পরিষদের সেক্রেটারি ও ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক মহিতুর রহমান এবং সহকারী অধ্যাপক সাইদুর রহমানসহ কলেজের শিক্ষকবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষার্থীদের শারীরিক সক্ষমতা বৃদ্ধি, সৃজনশীলতা বিকাশ এবং নৈতিক ও সাংস্কৃতিক চেতনা গঠনে ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি চর্চার গুরুত্ব অপরিসীম। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের নেতৃত্ব, শৃঙ্খলা ও পারস্পরিক সৌহার্দ্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

সামগ্রিক অনুষ্ঠানটি পরিচালনা করেন, কলেজের শরীরচর্চা বিভাগের শিক্ষক সাঈদ মোহাম্মদ হিরন। সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতার ফলাফল ক্রীড়ার পাশাপাশি সাহিত্য ও সাংস্কৃতিক ইভেন্টেও শিক্ষার্থীদের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য।

অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সফল

এই আয়োজন শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি চর্চার আগ্রহ আরও বাড়াবে—এমন প্রত্যাশা ব্যক্ত করেন সংশ্লিষ্টরা।

আলমডাঙ্গায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা

আলমডাঙ্গায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে পোস্টাল ব্যালটে ভোটদানের পদ্ধতি ও গণভোট বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা শিক্ষক সমিতির কার্যালয়ে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ এহসানুল হাবিব, বখতিয়ার উদ্দীন, রবিউল ইসলাম, সেলিম রেজা এবং বি এম রফিকুল ইসলাম।

উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার শাহজাহান রেজা এর উপস্থাপনায় বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক নাসির উদ্দীন এটম, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ইকবাল উদ্দীন আহম্মদ এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ হাফিজ।

সভায় প্রাথমিক শিক্ষার সার্বিক মানোন্নয়ন, বিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম এবং নিয়মিত দাপ্তরিক বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিয়মাবলি সম্পর্কে প্রধান শিক্ষকদের বিস্তারিতভাবে অবহিত করা হয়। একই সঙ্গে গণভোট বিষয়ে সচেতনতা বৃদ্ধির ওপরও গুরুত্বারোপ করা হয়।

সভায় উপস্থিত প্রধান শিক্ষকরা আলোচ্য বিষয়গুলো মনোযোগসহকারে